একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd

স্মারক নং- ৫৭.১৬.০০০০.০০৬.৩৩.০০২.২০-৪২৯ তারিখ: ২৩/০৭/২০২৬ খ্রিঃ

**২০২৭ সালে দাখিল (প্রাইভেট) পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন**
**জরুরি বিজ্ঞপ্তি**

সূত্রঃ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৫৬.২৬.০০১.২৫.২৩, তারিখ: ০৯/০২/২০২৬।

এতদ্দ্বারা উপর্যুক্ত সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ইত:পূর্বে যারা নিয়মিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি তাদের দাখিল প্রাইভেট পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

অত্র বোর্ডের আওতাধীন **দাখিল পরীক্ষার সকল কেন্দ্রস্থিত** মাদ্রাসা প্রধান ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৭ সালের দাখিল (প্রাইভেট) পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন প্রক্রিয়া নিম্নেবর্ণিত নির্দেশাবলি অনুসরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করা যাবে।

## নির্দেশাবলি

১. শুধুমাত্র ২০২৭ সালে **দাখিল পরীক্ষার কেন্দ্রস্থিত** মাদ্রাসা হতে দাখিল প্রাইভেট রেজিস্ট্রেশন করা যাবে।

২. ২০২৭ সালের দাখিল প্রাইভেট পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রাইভেট পরীক্ষার্থীদের **বয়স সর্বনিম্ন ১৯ বছর (১ লা জানুয়ারী ২০২৭ তারিখে)**।

৩. ফি জমাদানের সময়সূচীঃ

| ক্রমিক | বিষয় | তারিখ |
|---|---|---|
| ক) | অনলাইনে রেজিস্ট্রেশন ফি জমা<br>*(ফি সিস্টেমে জমা হওয়ার পরই কেবলমাত্র তথ্য আপলোডের জন্য **নতুন এন্ট্রি** অপশন পাওয়া যাবে)* | ০২/০৮/২০২৬ থেকে ২৭/৮/২০২৬ পর্যন্ত |
| খ) | তথ্য (eSIF) এন্ট্রির সর্বশেষ তারিখ | ৩১/০৮/২০২৬ পর্যন্ত |

৪. আবেদনের **যে প্রক্রিয়ায় করতে হবে তা নিম্নরূপ:**

(ক) যে কোন ব্রাউজার হতে সরাসরি www.ebmeb.gov.bd প্রবেশ করে e-sife এ গিয়ে প্রতিষ্ঠানের EIIN ও Entry Password দিয়ে লগইন (Login) করে **পেমেন্ট অপশনে** ক্লিক করে শিক্ষার্থী সংখ্যা এন্ট্রি দিয়ে **সোনালী পেমেন্ট গেটওয়ের মাধ্যমে ২৪১/-** রেজিস্ট্রেশন ফি প্রদান করতে হবে।

(খ) রেজিস্ট্রেশন ফি সিস্টেমে জমা হওয়ার পরই কেবলমাত্র শিক্ষার্থীর তথ্য আপলোডের জন্য **নতুন এন্ট্রির** অপশন পাওয়া যাবে। এন্ট্রি অপশনে গিয়ে প্রাইভেট সিলেক্ট করতে হবে। এন্ট্রিকৃত শিক্ষার্থীদের পূর্ণাঙ্গ তথ্যের তালিকার প্রিন্ট আউট নিয়ে ভালভাবে তথ্য যাচাই বাছাই করতে হবে। যাচাই বাছাইয়ে ভুল ধরা পড়লে লিস্টের **Edit** অপশনে ক্লিক করে তথ্য সংশোধন করতে পারবে

**বি:দ্র: জন্ম নিবন্ধন কার্ড/জাতীয় পরিচয়পত্র অনুযায়ী সকল তথ্য এন্ট্রি সম্পন্ন করতে হবে।**

৫. দাখিল (প্রাইভেট) পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশনের মেয়াদ ০১ (এক) বছর নির্ধারিত (নবায়নযোগ্য নয়)।

৬. চাকুরীরত প্রার্থীদের বিজ্ঞপ্তির অন্যান্য শর্ত ঠিক থাকলে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে রেজিস্ট্রেশন ও ফরমপূরণ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

৭. প্রাইভেট পরীক্ষার রেজিস্ট্রেশন ও ফরমপূরনের জন্য যে কোন আবেদনপত্র গ্রহণ ও বাতিলের ক্ষমতা মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৮. ডাকযোগে/সরাসরি রেজিস্ট্রেশন ও পরীক্ষার ফরমপূরণ সংক্রান্ত কোন আবেদনপত্র গ্রহণ যোগ্য নয়।

৯. প্রাইভেট পরীক্ষার্থীগণ শুধুমাত্র সাধারণ ও মুজাব্বিদ শাখায় পরীক্ষায় অংশগ্রহন করতে পারবে।

১০. প্রাইভেট পরীক্ষার্থী অতিরিক্ত বিষয় গ্রহণ করতে পারবে না।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৭/৭/২৬

(প্রফেসর এস এম তৌহিদুজ্জামান)
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ০২-৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

***বিঃদ্রঃ শুধুমাত্র রেজিস্ট্রেশন ফি প্রদান ও তথ্য এন্ট্রি সংক্রান্ত সমস্যার সমাধানের জন্য অফিস সময়ের মধ্যে প্রতিষ্ঠানের EIIN ভিত্তিক সিম নম্বর দিয়ে ০১৭১৩-০৬৮৯০৯/০১৮২৪-৬০৬৬৫৪ যোগাযোগ করতে হবে।***

স্মারক নং- ৫৭.১৬.০০০০.০০৬.৩৩.০০২.২০-৪২৯ তারিখঃ ২৩/০৭/২০২৬ খ্রিঃ

২৭/০৭/২৬

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি বিতরণঃ**

১. পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
২. পরামর্শক, কম্পিউটার কেন্দ্র (চুক্তিভিত্তিক), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৩. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
৪. হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৫. সহকারী পরিদর্শক, ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা ও বরিশাল অঞ্চল;
৬. পি.ও.টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৭. অফিস কপি।

২৭/৭/২৬

(মো: জিয়াউর রহমান)
উপ-রেজিস্ট্রার (কমন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ০২-২২৩৩৬৫৪০৩
ই-মেইল: drcommon@bmeb.gov.bd

২৭/০৭/২৬

দাখিল প্রাইভেট :আনিছ